গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উন্নয়ন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং-৩৮.০০৯.০১৪.০৭.০০.০১০.২০০৬(ভলি-২)- ৭৪৭ তারিখঃ ০২/১০/২০১১খ্রিঃ।

**বিষয়ঃ প্রাথমিক স্তরের বিনামূল্যের পাঠ্যপুস্তক বিতরণ নীতিমালা (সংশোধিত)।**

সূত্রঃ স্মারক নং-প্রাশিঅ/ববি-০৪/২০০৫/১০২, তারিখঃ ২৪/০৭/২০১১ খ্রিঃ।

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে প্রাথমিক স্তরের ছাত্র-ছাত্রীদের মধ্যে বিনামূল্যের পাঠ্যপুস্তক বিতরণ নীতিমালা (সংশোধিত) সরকার কর্তৃক অনুমোদিত হয়েছে।

০২। অনুমোদিত নীতিমালা এতদসঙ্গে প্রেরণ করা হলো এবং উক্ত বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২/১০/১১
(নুজহাত ইয়াসমিন)
উপ-সচিব
ফোনঃ ৭১৭২৫৪৯

মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
মিরপুর-২, ঢাকা।

**অনুলিপি ঃ**

চেয়ারম্যান
জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড
মতিঝিল, ঢাকা।

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**উন্নয়ন-১ অধিশাখা**

বিষয়ঃ প্রাথমিক স্তরের বিনামূল্যের পাঠ্যপুস্তক বিতরণ নীতিমালা (সংশোধিত)।

১। **নিম্নোক্ত বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদেরকে বিনামূল্যে পাঠ্যপুস্তক সরবরাহ করা হবে ঃ**

০১. সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রী;
০২. রেজিষ্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রী;
০৩. আন-রেজিষ্টার্ড বেসরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী;
০৪. সরকারী মাধ্যমিক/নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের সঙ্গে সংযুক্ত প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রী;
০৫. স্বীকৃতিপ্রাপ্ত বেসরকারী মাধ্যমিক/নিম্নমাধ্যমিক বিদ্যালয়ের সঙ্গে সংযুক্ত (রেজিষ্টার্ড ও আন-রেজিষ্টার্ড প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী);
০৬. এনসিটিবির কারিকুলাম অনুসৃত হয় এমন সকল রেজিষ্টার্ড ও আন-রেজিষ্টার্ড কিন্ডার গার্টেনের ছাত্রছাত্রী;
০৭. পিটিআই-সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়ের ছাত্রছাত্রী;
০৮. কমিউনিটি বিদ্যালয়ের ছাত্রছাত্রী;
০৯. শিশু কল্যাণ ট্রাষ্ট পরিচালিত প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রী;
১০. কিশোর অপরাধ সংশোধন কেন্দ্রের প্রাথমিক স্তরের ছাত্রছাত্রী;
১১. সরকারী ও স্বীকৃতিপ্রাপ্ত এতিমখানা ও শিশু পরিবারের প্রাথমিক স্তরের ছাত্রছাত্রী;
১২. বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশন কর্তৃক পরিচালিত কিংবা অনুমোদিত বিদ্যালয়ের প্রাথমিক স্তরের ছাত্রছাত্রী;
১৩. চা বাগানের ব্যবস্থাপনায় পরিচালিত প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রী;
১৪. সরকার কর্তৃক প্রতিষ্ঠিত কিন্তু অকার্যকর/অব্যবহৃত কমিউনিটি বিদ্যালয় পরিচালনার জন্য মনোনীত এনজিও কর্তৃক পুনঃ চালুকৃত বিদ্যালয়ের ছাত্রছাত্রী;
১৫. প্রাথমিক শিক্ষাদানে নিয়োজিত বেসরকারী স্বেচ্ছাসেবী সংস্থা/এনজিও কর্তৃক পরিচালিত এবং উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক (যেমনঃ এনজিও বিষয়ক ব্যুরো, সমাজ কল্যাণ অধিদপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর এবং যুব উন্নয়ন অধিদপ্তর ইত্যাদি) অনুমোদিত বিদ্যালয়ের ছাত্রছাত্রী;
১৬. সরকার কর্তৃক বাস্তবায়িত আবাসন ও আশ্রয়ন প্রকল্পের কমিউনিটি বিদ্যালয়ের ছাত্রছাত্রী;
১৭. পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় পার্বত্য চট্টগ্রাম এলাকার হেডম্যান কর্তৃক পরিচালিত প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রী;
১৮. স্থানীয় সরকার (যেমন-সিটি কর্পোরেশন, জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা, ইউনিয়ন পরিষদ) কর্তৃক পরিচালিত প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রছাত্রী;
১৯. এস ও এস শিশু পল্লীতে অধ্যয়নরত ছাত্রছাত্রী;
২০. প্রতিবন্ধী স্কুলের (সমাজ কল্যাণ অধিদপ্তর কর্তৃক পরিচালিত বিশেষ স্কুল) ছাত্রছাত্রী;
২১. রিচিং আউট অব স্কুল চিলড্রেন (রস্ক) প্রকল্পের আওতায় আনন্দ স্কুলের ছাত্রছাত্রী;
২২. পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীনস্থ চর জীবিকায়ন কর্মসূচি (সিএলপি) প্রকল্পের ছাত্র-ছাত্রী;

২। **বই বিতরণের জন্য নিম্নোক্ত কার্যপদ্ধতি অনুসরণ করতে হবে ঃ**

০১. ১ম-৫ম শ্রেণীর ছাত্রছাত্রীকে সম্পূর্ণ নতুন বই বিনামূল্যে প্রদান করা হবে। বিতরণকৃত পাঠ্যপুস্তক বছর শেষে ফেরত নেয়ার আবশ্যকতা নেই।
০২. উপজেলা শিক্ষা অফিসার/সহকারী উপজেলা শিক্ষা অফিসার সরেজমিনে পরিদর্শনপূর্বক বিদ্যালয়ের ক্যাটাগরী উল্লেখে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীর প্রকৃত সংখ্যা নির্ধারণ করবেন এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের মাধ্যমে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে পাঠ্যবই সরবরাহের চাহিদাপত্র প্রেরণ করবেন।
০৩. কোন বছর বিনামূল্যের বই বিতরণের পর কিছু উদ্বৃত্ত থাকলে পাঠ্য অপরিবর্তিত থাকা সাপেক্ষে তা পরবর্তী বছরে বিতরণ করা যাবে।
০৪. উপজেলা শিক্ষা অফিসার প্রতি বছর ৭মার্চ মাসের মধ্যে উদ্বৃত্ত বইয়ের হিসাব, প্রকৃত ছাত্রছাত্রী সংখ্যা, পরবর্তী বছরের সম্ভাব্য ছাত্রছাত্রী ও বইয়ের চাহিদা প্রভৃতি তথ্য দুই কপি জেলা প্রাথমিক শিক্ষা অফিসে প্রেরণ করবেন। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ১৫ মার্চের মধ্যে উপজেলার কপি সহ সকল উপজেলার একীভূত তথ্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবেন।
০৫. বিতরণের পূর্বে প্রত্যেকটি বইতে সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিস ও বিদ্যালয়ের সীল দিতে হবে (সীলের নমুনা দেয়া যেতে পারে)। উপজেলা শিক্ষা অফিসের সীল বইয়ের কভারে এবং বিদ্যালয়ের সীল বই এর দ্বিতীয়/তৃতীয় পৃষ্ঠায় ব্যবহার করতে হবে। সীলে বিনামূল্যে বিতরণকৃত কথাগুলো থাকতে হবে।

০৬. বইয়ের পেছনের মলাটে উল্লিখিত ক্রমিক নম্বর লেজার/রেজিষ্টার ও চালানে লিপিবদ্ধ করতে হবে।

০৭. পাঠ্যবই গ্রহণকারী শিক্ষার্থীর পিতা/মাতা/অভিভাবক এর নিকট থেকে সংশ্লিষ্ট বিদ্যালয় কর্তৃক প্রাপ্তিস্বীকারপত্রে স্বাক্ষর গ্রহণ করতে হবে।

০৮. সংশ্লিষ্ট এনজিও-এর প্রধান নির্বাহী কর্তৃক লেটারহেড প্যাডে প্রত্যয়নের মাধ্যমে ক্ষমতাপ্রদত্ত প্রধান শিক্ষকের নিকট বই হস্তান্তর করতে হবে। অন্য কারও প্রত্যয়ন গ্রহণযোগ্য হবে না এবং ক্ষমতাপ্রাপ্ত প্রধান শিক্ষক ছাড়া অন্য কারও নিকট বই প্রদান করা যাবে না।

০৯. সরকারী, রেজিষ্টার্ড, কমিউনিটি, অনুমতি প্রাপ্ত ও পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয়ের লাইব্রেরীর জন্য প্রতি শ্রেণীর ১(এক) সেট করে বই এবং ইউআরসিতে প্রতি শ্রেণীর ৫(পাঁচ) সেট করে বই প্রদান করতে হবে।

১০. সহকারী উপজেলা শিক্ষা অফিসারের প্রত্যয়ন সাপেক্ষে রিপিটারদের মধ্যে বই বিতরণ করা যাবে। এজন্য মোট পাঠ্যপুস্তকের ৫% উপজেলা পর্যায়ে সংরক্ষণ করতে হবে।

১১. সকল পাঠ্য বইয়ের Soft Copy প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে (www.dpe.gov.bd) প্রদান করা হবে।

১২. এখন থেকে এনসিটিবি মূল্যের বিনিময়ে প্রাথমিক স্তরের পাঠ্যপুস্তক মুদ্রণ করবে না।

১৩. এনসিটিবি আবশ্যক মত প্রাথমিক স্তরের ইংলিশ ভার্সন বই মুদ্রণ করবে এবং তা বিনামূল্যে বিতরণ করা হবে।

১৪. উল্লিখিত নির্দেশনাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং কোন ব্যতিক্রম ঘটলে সংশ্লিষ্ট কর্মকর্তা/প্রধান শিক্ষক ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

২/১০/১২

(নুজহাত ইয়াসমিন)
উপ-সচিব
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
ফোনঃ ৭১৭২৫৪৯